

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৪৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২২, দিতীয় অনুচ্ছেদ - ভালো কাজের আদেশ

## আরবী

وَعَنْ أَبِي

الْبَخْتَرِيِّ عَنْ رَجُلٍ مِنْ أَصنْحَابِ رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «لن يهْلك النَّاس حَتَّى يعذروا فِي أنفسهم» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

৫১৪৬-[১০] আবুল বাখতারী (রহঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীদের মধ্যে একজনের থেকে বর্ণনা করেন। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মানুষ ধ্বংস হবে না তার মধ্যে পাপের পরিমাণ বেশি না হওয়া পর্যন্ত। (আবূ দাউদ)[1]

# ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪৩৪৭, সহীহুল জামি' ৫২৩১, আহমাদ ১৮২৮৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (لَنْ يَهْلِكَ النَّاسُ حَتَّى يَعْذِرُوْا فِيْ أَنْفُسِهِمْ) উল্লেখিত হাদীসের তাফসীরে ইমাম খত্ত্বাবী (রহিমাহ্লাহ) বলেনঃ আবৃ 'উবায়দ তাঁর কিতাবে উল্লেখ করেছেন, يعذروا শব্দ দ্বারা উদ্দেশ্য হলো যতক্ষণ না তাদের দোষ-ক্রটি ও পাপাচার বৃদ্ধি পাবে। আবার বলা হয়েছে, হাদীসের অর্থ হলো "যতক্ষণ না তাদের কাছে সত্য প্রকাশ না করা এবং তার ওপর 'আমল করতে না পারার কোন ওযর থাকবে।" তাই বিনা ওযরে সত্য প্রত্যাখ্যাত হলে আল্লাহর শাস্তি অবধারিত হবে। ('আওনুল মা'বৃদ ৭ম খন্ড, হাঃ ৪৩৩৯; মিরক্রাতুল মাফাতীহ)

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবুল বাখতারী তাঈ (রহঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 75870$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন